

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.৭৮৬.২০১৬- ৩৪৮৬

তারিখ : ০৫/০৩/১৬


বিষয় : রীট পিটিশন নং-৯৫৪৫/২০১৬, বাদী জনাব মোঃ মনিরুজ্জামান মন্ডল, পিতা-মৃত. শামসুজ্জোহা মন্ডল, মাতা-মিসেস-মঞ্জিলা বেগম, গ্রাম ও ডাকঘর-একডালা, উপজেলা-বাগমারা, জেলা-রাজশাহী ও অন্যান্য-বনাম-সরকার ও অন্যান্য।

ইউনিয়ন পরিষদ নির্বাচন সংক্রান্ত বিষয়ে এ বিভাগের ইউপি-২ শাখা হতে গত ০২/০৩/২০১৬ তারিখে জারিকৃত পরিপত্রকে বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ৯৫৪৫/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ প্রদান পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে সরকার পক্ষে মামলা প্রতিদ্বন্দিতাসহ যাবতীয় ব্যবস্থা গ্রহণপূর্বক দফাওয়ারী জবাব (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

৩। বর্ণিত রীট পিটিশনে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : রুলের কপি।

  
(লুৎফুন নাহার) ০৫/০৩/২০১৬

সিনিয়র সহকারী সচিব

ফোন-৯৫৪০৯৯৫।

১। জেলা প্রশাসক  
রাজশাহী।

২। জেলা নির্বাচন অফিসার  
রাজশাহী।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।

২। উপসচিব (ইপ-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।

৩। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।